



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২০০.২০১৯- ৩১০৭৫

তারিখঃ ১৬/০৮/১৪২৬ বঙ্গাব্দ  
০৭/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন।

সূত্র : নং-০৫.১০.০৪৯০.০০০.৩৩.০৩৩.১৭-৩৪৬. তারিখঃ ১১/০৬/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, বরগুনা জেলার তালতলী উপজেলাবীন তালতলী ডিগ্রি কলেজের অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তরের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা কামনা করে আবেদন করেন। আবেদনপত্রে উল্লেখ করেন যে, তালতলী ডিগ্রি কলেজের (সদ্য জাতীয়করণকৃত) গভর্নিং বডি না থাকায় আর্থিকসহ যাবতীয় দায়িত্ব তিনি পালন করছেন। কলেজের অধ্যক্ষ, জনাব এম.এ জব্বার তালুকদার ০৬/০৬/২০১৯খ্রি: তারিখে অবসরে যান। তাঁর অবসরজনিত কারণে অধ্যক্ষের দায়িত্ব কাকে হস্তান্তর করবেন এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা নির্দেশনা চেয়ে আবেদন করেছেন। কলেজে উপাধ্যক্ষ পদটি শূন্য রয়েছে। প্রতিষ্ঠানে ০৮ (আট) জন সহকারী অধ্যাপক এবং ২২ (বাইশ) জন প্রভাষক মোট ৩০ (ত্রিশ) জন কর্মরত। প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ শিক্ষকদের তালিকা নিম্নরূপ:

ক্র: নং	নাম, পদবি ও ইনডেক্স নম্বর	১ম এম.পি.ও	যোগদানের তারিখ	জন্মতারিখ
০১	জনাব রবীন্দ্র নাথ হাওলাদার সহকারী অধ্যাপক, দর্শন, ইনডেক্স নম্বর-৪২৪৭১৮	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	০১/০৩/১৯৬৭
০২	জনাব বিধান চন্দ্র রায় সহকারী অধ্যাপক, জীববিজ্ঞান, ইনডেক্স নম্বর-৪২৪৭১৪	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	০৪/০৩/১৯৬৮
০৩	জনাব মোঃ রফিকুল ইসলাম প্রভাষক, রসায়ন, ইনডেক্স নম্বর-৪২৪৭১৭	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	০৯/০৬/১৯৬৮
০৪	জনাব মোঃ আকতার হোসেন সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা, ইনডেক্স নম্বর-৪২৪৭১২	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	০১/১২/১৯৬৮
০৫	জনাব মোঃ আবদুর রহমান সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান, ইনডেক্স নম্বর-৪২৪৭১৩	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	৩০/১২/১৯৬৯
০৬	জনাব মোঃ মতিউর রহমান সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস, ইনডেক্স নম্বর-৪২৪৭১৯	০১/০২/১৯৯৮	০২/০৯/১৯৯৫	০১/০৩/১৯৭১
০৭	জনাব মোঃ মুছা প্রভাষক, ইতিহাস, ইনডেক্স নম্বর-৪২৪৭২৪	০১/০২/১৯৯৮	০১/০৩/১৯৯৭	১০/০২/১৯৭২
০৮	জনাব মোঃ আবুল কালাম আজাদ প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, ইনডেক্স নম্বর- ৪২৭৪৮৭	০১/০৯/১৯৯৮	০২/০৯/১৯৯৫	৩১/১২/১৯৬৯

জনাব কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী ৮ জন সহকারী অধ্যাপকের মধ্য হতে জনাব রবীন্দ্র নাথ হাওলাদার সহকারী অধ্যাপক, দর্শন, ইনডেক্স নম্বর- ৪২৪৭১৮ জ্যেষ্ঠতম শিক্ষক। এস. এস.সি সনদ অনুযায়ী জনাব এম.এ. জব্বার তালুকদার এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় ০৬/০৬/২০১৯ তারিখে অবসরগ্রহণ করেছেন।


জনাব মোঃ আবদুর রহমান, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান (ইনডেক্স নম্বর-৪২৪৭১৩)-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হলে জনাব রবীন্দ্র নাথ হাওলাদার, সহকারী অধ্যাপক, দর্শন, (ইনডেক্স নম্বর-৪২৪৭১৮) এর আপত্তি নেই মর্মে অনাপত্তিপত্র আবেদনের সাথে সংযুক্ত করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬; ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রে ৩ নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪; ০৯/০৭/২০১২খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূন্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১খ্রি. তারিখের পরিপত্রে উল্লেখ রয়েছে যে “কোন কারণে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।”

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮. ১৯৩১ নং পত্রে অধ্যক্ষের ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠতম শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় এবং মাউশির পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব প্রদান করে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

  
(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোনঃ ৯৫৫৬০৫৭  
Email-ncolleg3@ dshe.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
তালতলী, বরগুনা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, বরগুনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
- ৩। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), তালতলী ডিগ্রি কলেজ, তালতলী, বরগুনা।
- ৪। ম্যানেজার, সোনালী ব্যাংক, চিরিরবন্দর, দিনাজপুর।
- ৫। সংরক্ষণ কপি।